# William Shakespeare

জন্মঃ ২৩ এপ্রিল, ১৫৬৪

মৃত্যুঃ ২৩ প্রপিল, ১৬১৬

জন্মস্থল: ইংল্যান্ডের ওয়ারউইকশায়ারে অ্যাভন নদীর তীরে– স্ট্রার্টফোর্ডে (Stratford At upon Avon)

সাহিত্যকর্ম: 154 Sonnets

37 Plays (রানী এলিজা বেথের সময়ে ২৫টি বাকি গুলো (Jecobean Period) এ লেখা হয়।

3 Narrative poems

নাটক: Tragedy (12)

Comedy (15)

Tragi-Comedy

Historical Comedy

**ঐতিহাসিক নাটক:**

King John

Henry(p1, p2)

Henry v

Henry vi (part1,2,3)

Henry viii

Richard ii

Richard iii

**Narrative Pomes:** 1) Venus and Adonis

2) The Rape of Lucrece

3) A Lover's complaint

**Other poem:** 1) The passionate Pilgrim.

2) The Phoenix and the turtle

**Shakespeare Sonnet এর অন্তমিল**

abab cdcd efef gg

**Sonnet style:**

Three quatrains and a couplet (4+4+4+2)

Quatrain = চুতস্পদী শ্লোক।

Couplet = **দ্বিপদী শ্লোক।**

- **বেশীর ভাগ Sonnet তার বন্ধু Earl of Southampton কে উৎসর্গ করেন। ২৬টি সনেট ডার্কলেডির উদ্দেশ্যে রচনা করেন।**
- **Under the Green wood Tree কবিতায় Tree বলতে** Forest **বুঝানো হয়েছে। প্রকৃতির বিশালতা দ্বারা মনের সংকীর্নতা তুলে ধরেছেন।**

**<u>Theme:</u> Life in nature is simple and free.**

**<u>Tragedy:</u>**

| <u>ট্রাজেডিঃ</u> | Romeo and Juliet |
|---|---|
| বেদনা, | Othello |
| নায়কের করুন পরিনিতি, | Macbeth |
| ক্ষমতা দ্বন্দ্ব, | King Lear |
| সুখের উচ্চ শিখর | Antony and Cleopatra |
| থেকে Tragic | Timons of Athens |
| flaw এর জন্য | Hamlet |
| দুঃখের শেষ | Julius Ceasar |
| সীমায় | Troilus and Cressida |
| পৌছায়। | Titus Andronicus |
| | Cymbeline |
| | Coriolanus |

**<u>মনে রাখার কৌশলঃ</u>** Rome এর রাজা (**Antony Athens)** এর ছোট গ্রাম **(Hamlet) এ গিয়ে বান্ধবী** (Juli cressida) কে নিয়ে তিতা **(Titus Andronicus)** সাস্বা **(Cymbeline)** কারি **(Coriolanus)** খায়।

**R= Romeo And Juliet** **O= Othello**

**M= Macbeth** **রাজা =king Lear**

| **<u>কমেডিঃ</u>** | Two Gentlemen of verona |
|---|---|
| প্রথম | The Merchant of Venice<br>Merry Wives of Windsor |
| দেখায় প্রেম, | Loves Lovours Lost<br>Comedy of Errors |
| ভাড় থাকে, | Pericles, Prince of Tyre |
| আকাঁবাকা পথ | The Winter’s Tale<br>Twelfth Night |
| পাড়ি দিয়ে বিবাহ | A Midsummer Night’s Dream |
| ঘন্টা বাজিয়ে | The Taming of the shrew<br>Tempest |
| গল্পের সমাপ্তি হয় | As you like it<br>Measure for Measure |

| | |
|---|---|
| | Much Ado About Nothing<br>All’s well that Ends well |

**মনে রাখার কৌশল:** ভেরেনার **(Two gentleman of Verona)** ভদ্র **(gentle)** মেয়ে **Merry Merchant Pericles** এর প্রেমের **(Love Lover’s Last)** ফাঁদে **(Comedy of Errors)** পড়ে শীতের **(The Winter’s Table)** ১২ তম রাতে **(Twelfth Night)** দিবা স্বপ্ন **(Mid summer Night Dream)** দেখে। তখন তার মুখরা ঝগড়াটে **(Taming of the shrew)** বন্ধু **Tempest** তাকে বলে তুমি পছন্দ কর (As You Like It) ভালো কথা কিন্তু বিচার, বিবেচনা **(Measure For Measure)** না করে লাফালাফি **(Much Ado About Nothing)** করো না, শেষ ভালো যার, সব ভালো তার (All’s that ends well).

**Tragi Comedy:** Measure For Measure.The tempest. The winters tale .Cymbelline

The Merchant of venice.

All’s well That Ends Well.

**১ম নাটক: Henry VI**

**শেষ নাটক: The Tempest Part2**

**ক্ষুদ্রতম নাটক: Comedy of Errors**

**দীর্ঘতম নাটক: Hamlet**

**অসমাপ্ত নাটক:** Timons of Athens

হারানো নাটক: Love’s Labour’s Lost, The History of Cardenia

**নাটক গুলো পাচঁ অঙ্ক বিশিষ্ট (Five Act’s)**

**Much of his plays in Iambic Pentameter Climax in Third Act.**

| | | |
|---|---|---|
| ১ম পর্ব<br>(1588-1595) | Experiment | Love's Labour's Lost – Comedy.<br>Two Gentleman of Verona- Comedy.<br>Richard II - Historical play.<br>King John- 1st historical play Venus and Adonis. |
| ২য় পর্ব<br>(1595-1600/1) | বিকাশ<br>Development | As You Like it.<br>The Merchant of Venice- Tragi Comedy.<br>Henry IV (2 parts) Historical play. |
| (৩য় পর্ব)<br>1600/1-1607/8 | প্রতিভার পূর্নবিকাশ<br>Maturity | Hamlet<br>Othello<br>King Lear<br>Macbeth<br>Julius Ceasar |
| (৪র্থ পর্ব)<br>1608-1612 | Late<br>Experiment | Antony and Cleopatra.<br>Coriolanus, Winter's Tale, The Tempest. |

**ম্যাকবেথ**

ডাইনীরা ম্যাকবেথের সর্ম্পকে ভবিষ্যদ্ববানী করে ছিল যে, ম্যাকব্যাথ Thane of Cawdor and পরবর্তীতে রাজা হবেন। ডাইনীদের কথা সত্যি হয়ে যায় যখন ম্যাকবেথকে Thane of Cawdor ঘোষনা করা হয়। তিনি তার স্ত্রী কাছে ভবিষ্যদ্ববাণী ও বাস্তব মিলের কথা বলেন। তখনই তার স্ত্রী স্কটল্যান্ডের রাজাকে হত্যা করে ক্ষমতায় বসার জন্য প্ররোচিত করতে থাকেন। রাজা ডানকান ম্যাকবেথকে অভিনন্দন জানানোর জন্য এক রাত তার দুর্গে থাকার সিদ্ধান্ত নেন। কিন্তু ম্যাকবেথ ক্ষমতার লোভে অন্ধ হয়ে রাজাকে হত্যা করেন। **Malcolm, Donal Bain ও অন্যান্যরা** প্রাসাদ থেকে পালিয়ে যায়। ম্যাকবেথ **Banquo** কে হত্যার নির্দেশ দেয়।

**তিন ডাইনী আবার ভবিষ্যদ্বানী করে বলে যে, স্বাভাবিক ভাবে পৃথিবীতে জন্ম নেওয়া কেউ তাকে মারতে পারবে না।**

**Birnam Wood প্রাসাদে না আসা পর্যন্ত ম্যাকবেথ মরবেন না। ম্যালকমের নেতৃত্বে ম্যাকডাফ এবং অন্যান্যরা Birnam Wood এর পাতা ক্যামোফ্লেজ হিসেবে ব্যবহার করে । যুদ্ধে ম্যাকবেথ ও ম্যাকডাফের লড়াইয়ের সময় ম্যাকডাফ তাকে বলে তার জন্ম অপারেশন মাধ্যমে হয়েছে যার ফলে একটি ভবিষৎদ্বানী অনুসারে ে ম্যাকবেথকে হত্যা করতে পারবে। লড়াইয়ে এক পর্যায়ে যে ম্যাকব্যাথকে হত্যা (Stain by) করে।**

**Romeo and Juilet**

ট্র্যাজেডির নায়ক রোমিও ও নায়িকা জুলিয়েটেতে ভালোবাসার গল্প তুলে ধরা হয়েছে। ক্যাপিউলেট এবং মন্টেগু পরিবারের মধ্যে দ্বন্ধ রয়েছে। ক্যাপিউলেটদের দেওয়া এক পার্টিতে মন্টেগু পরিবারের রোমিও তাদের শত্রু ক্যাপিলেটের পরিবারের মেয়ে জুলিয়েটের প্রেমে পড়ে । প্রথম দেখার দুজন দুজন প্রতি আর্কষন বোধ করে এবং চুম্বন করে। পরের দিন নার্সের সহায়তায় দুজন বিয়ে করে। কিন্তু রোমিও জুলিয়েট চাচাতো ভাইকে মেরে ফেলার কারণে শহর থেকে **র্নিবাসিত** হয়। এদিকে তিনদিনের মধ্যে জুলিয়েটকে প্যারিস কাউন্টের সাথে বিয়ে দেওয়ার জন্য জুলিয়েটের পরিবার প্রস্তুতি নেওয়া শুরু করে। জুলিয়েট তার সমস্যা সমাধানের জন্য ফ্রায়ার লরেন্সের কাছে যান। ফ্রারার লরেন্স তাকে এক বোতল ঔষধ দেন। যা পান করলে জুলিয়েট ৪২ ঘন্টা ঘুমন্ত থাকতেন। ফলে তাকে প্যারিসকে বিয়ে করতে হবে না এবং জুলিয়েট এই ঔষধ পান করার ফলে তাকে মৃত মনে করে কবর দেওয়া হয়। ফ্রায়ার লরেন্স আসল **খবরটি** রোমি**ওর** কাছে পাঠাইতে ব্যর্থ হন এবং রোমিও জানতে পারে জুলিয়েট মারা গেছে। জুলিয়েট কবর থেকে তুলে শেষ চুম্বন দিয়ে তিন বিষ পান করেন। জুলিয়েট সজাগ হয়ে দেখতে পান রোমিও বিষপানে আত্মহত্যা করেছেন। জুলিয়েটও ছুরি দিয়ে নিজের জীবন শেষ করে দেন। শেষে দুই পরিবার দ্বন্ধবিবাদ শেষ করা**র** সিদ্ধান্ত নেন।

<u>মেজার ফর মেজার</u>

ভিয়েনার ভিউক **Vincentio** এঞ্জেলার হাতে রাজ্যভার দিয়ে ছদ্মবেশে ভিয়েনায় ঘুরে বেড়ান। এঞ্জেলো ক্লডিওকে মৃত্যুদন্ড দেয়। গল্পের নায়িকা ও ক্লডিওর বোন এঞ্জেলের এর কাছে **Mercy** এর জন্য যায়। এঞ্জেলো তার রুপে মুগ্ধ হয়ে বিছানা সয্যাসঙ্গী হওয়ার শর্তে তার ভাইকে ছাড়বেন ইসাবেলা তার বদলে বিছানায় **মারিয়ানা কে** পাঠান। ডিউক ফিরে এলে এঞ্জেলা বিরুদ্ধে ক্লডিও মত একই অভিযোগ আনা হয়। শেষ পর্যন্ত **ডি**উক এর নিকট অপরাধ স্বীকার করেন। তাকে মারিয়ানা বিয়ে করতে বাধ্য হয়। ডিউক ক্লডিও ক্ষমা করে দেন এবং ক্লডিও জুলিয়েট বিয়ে করেন। তিনি তারপর ডিউক ইসাবেলাকে বিয়ের প্রস্তাব দিলে তিনি সম্মতি দেন।

## The Tempest

ঝড় কবলে পড়ে **Alonso, Sebastian, Antonio, Ferdinand** বহনকারী জাহাজ **Propero** নামক জৈনিক ব্যক্তির দ্বীপে গিয়ে পৌছান। **Alonso** এর পুত্র **Ferdinand** তাদের থেকে আলাদা হয়ে যান। **Ferdinand Miranda** এর সাথে দেখা হয় । তারা একে অপরে প্রেমে পড়ে যান। **Alonso** ভাই কে

নির্বাসিত করলে পরে ভুল বুঝতে পারেন। দুই ভায়ের মিল হয়। গল্পে **Prespero** এর ভৃত্য স্পিরিট **Ariel** **কে** মুক্তি দেওয়া হয়। মিরান্ড এবং **Ferdionnd** বিয়ে ঘন্টা বাজিয়ে গল্প শেষ হয়।

<u>জুলিয়াস সিজার</u>

জুলিয়াস সিজার একজন রোমান কিং ছিলেন। পম্পে আততায়ী নিহত হলে তার ছেলের সাথে যুদ্ধ জয়ী হন। জুলিয়ার স্ত্রী **Calpurnia** খারাপ স্বপ্ন দেখে। **Anti সিজা**রিয়ানরা **সে** স্বৈরতান্ত্রিক হয়ে যাবে বলে সিজারের বন্ধু **Brutus কে Cassius** তার বিরুদ্ধে দার করান। **Beware of 15 March. 15 March** তারিখে তাকে পরিচিত মুখগুলো তাকে হত্যা করেন। সবাই ক্ষমতা লোভে হত্যা করলেও **Brutus** রোমকে ভালোবেসে তাকে রক্ষা করতে হবে মনে করেন। পরে **Brutus** নিজে ষড়যন্ত্র শিকার বুঝতে পারেন। এদিকে রোমান **Civil War** শুরু হল। **Antony,** অক্টাভিয়া, লেপিডাস কোয়ালিশ**ন** সরকার গঠন করে। মেসিডোনিয়ায় আশ্রয় নিল। অবশেষে **Strato** তরবারি ধরলেন এবং **Brutus** নিজে ধেয়ে তরবারি উপর পড়লেন এবং মারা যান। **Cassius**পরাজয় নিশ্চিত জেনে **Pindorus** কে আদেশ দিলেন তাকে আঘাত করার জন্য । **Cassius এর** নির্দেশে তাকে হত্যা করেন।

# কাহিনী সংক্ষেপ

নাটকের নায়িকা Desdemona পালিয়ে ভেনিসের General Othello কে বিয়ে করেন যিনি ছিলেন আফ্রিকান মুর। Iago নাটকের খলচরিত্র। সে othello এর বিরুদ্ধে ষড়যন্ত্র করে মূলত Cassio এর পজিশন পাওয়ার জন্য। Cassio ছিলেন একজন lieutenant যাকে Othello উচ্চ পদে আসীন করেছিলো।Iago ষড়যন্ত্র করে Cassio আর Roderigoকে একে অপরের বিরুদ্ধে লাগিয়ে দেয়, তারা মদ্যপ অবস্হায় ধস্তাধস্তি করে এজন্য Cassio তার পদ হারায়।

এইদিকে Iago আরেকটি ষড়যন্ত্র করে।Othello কে সে বলে Desdemona এর সঙ্গে Cassio এর অবৈধ সম্পর্ক রয়েছে।একদিন ইমিলিয়া ডেসডিমোনার রুমালটি ডেসডিমোনার রুম থেকে পেয়ে ইয়াগোকে দেয় কিন্তু ইয়াগো কৌশলে এটা Cassio ঘরে রেখে দেয় পরে প্রমাণ হিসেবে Cassio ঘরে রাখা রুমাল Othello দেখে ফেলে এবং সেই সুযোগে ইয়াগো তার কান বিষিয়ে তোলে।

উল্লেখ্য যে Othello ভালোবেসে স্মৃতি স্মারক হিসেবে সেই রুমালটি Desdemona কে দিয়েছিলো। Othello নিজের স্ত্রীকে সন্দেহ করে হত্যা করে।পরে Emilia রুমালের রহস্য ও তার স্বামীর ষড়যন্ত্র খুলে বলে। Iagoএর মুখোশ উন্মোচিত হয়।এইদিকে সত্য জানার পর Othello নিজের বুকে ছুরি বসিয়ে আত্মহত্যা করে।নায়ক নায়িকা করুণ মৃত্যুর মাধ্যমে নাটকের পরিসমাপ্তি ঘটে।

★★★★★★★Hamlet ★★★★★★

•To be or not be ভাবনায় জর্জরিত নায়কের গল্প বলব আজ। এক Procrastinator (সিদ্ধান্ত নিতে বিলম্ব করে যে) নায়কের গল্প।নায়ক হলেন হ্যামলেট যিনি ডেনমার্কের প্রিন্স এবং উইটেনবার্গ ইউনিভার্সিটির ছাত্র। King Hamlet ছিলেন ডেনমার্কের সাবেক রাজা যাকে তার ভাই Claudius হত্যা করে।তাই সাবেক রাজার প্রেতাত্মা রাজমহলে রাতে ঘোরাঘুরি করে।দুইজন প্রহরী তাকে দেখে।Horatio,Marcellus (প্রহরী) এবং Barnardo (প্রহরী) প্রিন্স হ্যামলেটের সাথে এই কথা শেয়ার করে।হ্যামলেটও শেষ পর্যন্ত তার পিতার পেতাত্মা দেখতে পায়।তার পিতা তার কাছে সব ঘটনা খুলে বলে।ঘটনাটি হলো রাজা হ্যামলেট যখন বাগানে ঘুমাচ্ছিলেন তখন তার ভাই Claudius তার কানে বিষ ঢেলে দেয়।এতে তার মৃত্যু হয়। এদিকে তার মা তার বাবার মৃত্যুর কিছুদিনের মাথায় তার খুনি চাচাকে বিয়ে করে।এজন্য তার দুনিয়া আরো বিষিয়ে উঠে। এমন পরিস্থিতিতে নারী সম্পর্কে তার উপলব্ধি হয় Frailty,thy name is women.হ্যামলেট তার বাবার মৃত্যুর রহস্য জানার জন্য পাগলের ভান করে। "Murdur of Gonzago " নামক এক play within play Mousetrap play এর মাধ্যমে পিতার হত্যাকারী যে তার চাচা,সে সম্পর্কে নিশ্চিত হয়। এদিকে সে তার প্রেমিকা Ophelia কে দূরে সরিয়ে দেয়।সে ভুলক্রমে Polonius(নায়িকা Ophelia এর বাবা) কে হত্যা করে।পিতৃশোকে দিশেহারা নায়িকা পানিতে ডুবে মারা যায়।Leartes হ্যামলেটের প্রতি ভয়ংকর ক্ষিপ্ত হয় এবং প্রতিশোধের নেশায় জ্বলে উঠে।তখন Claudius পরিকল্পিতভাবে তাকে মারার জন্য ইংল্যান্ডে তার বাল্যবন্ধু সহ( যারা মূলত গুপ্তচর) নির্বাসনে পাঠান,পথিমধ্যে হ্যামলেট তার চাচার হত্যার পরিকল্পনা বুঝতে পারেন।ঘটনা অন্যদিকে মোড় নেয় এবং দস্যু কর্তৃক আক্রান্ত হয়,ভাগ্যক্রমে বেঁচে ডেনমার্কে ফিরে আসেন । তার চাচা হ্যামলেটের পরিকল্পনা কিছু আঁচ করতে পারেন এবং হ্যামলেটকে মারার জন্য তার চাচা Hamlet ও Leartes এর মধ্যে Fencing match নামে অসি যুদ্ধ এর আয়োজন করে।রাজা ক্লডিয়াস ষড়যন্ত্র করে তরবারির ডগায় বিষ মিশায় এবং বিষ মিশ্রিত মদ রাখে। আর এদিকে Hamlet ও Leartes একে অপরকে তলোয়ার দ্বারা আঘাত করতে থাকে।Leartes মৃত্যুর আগে Claudius এর চক্রান্ত খুলে বলেন । Leartes এর বিষমিশ্রিত তরবারির দ্বারা হ্যামলেট আঘাতপ্রাপ্ত হন ।Leartes আঘাতপ্রাপ্ত হয়ে মারা যায়।হ্যামলেটের মা ও ভুলবশত পাত্রে থাকা বিষমিশ্রিত মদ খেয়ে মারা যান।হ্যামলেট তখন ক্ষিপ্ত হয়ে বিষমিশ্রিত তরবারি দ্বারা তার

চাচাকে আঘাত করেন,পাত্রে অবশিষ্ট বিষ মিশ্রিত মদ টুকু চাচাকে খাইয়ে দেন,ফলে তিনি মারা যান।হ্যামলেটের বন্ধু Horatio শুধু বিয়োগান্তক গল্প বলার জন্য বেঁচে থাকে। বিদায়বেলায় Horatio তার বন্ধুকে বলে "Now Cracks a noble heart,..... good night, sweet prince"কিন্তু প্রিন্স হ্যামলেটের মৃত্যুর অন্তিম মুহূর্তের শেষ কথা শ্রোতাকে স্তব্ধ করে দেয় আর সেই শেষ লাইনটি ছিলো"The rest is silence"। Fortinbras ডেনমার্কের রাজার পদে আসীন হন এবং আদেশ দেন হ্যামলেটকে যেন যথাযোগ্য মর্যাদায় শেষকৃত্য করা হয়।